

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পার-৩ শাখা
www.mohfw.gov.bd

বিষয়ঃ “BIMSTEC Network of National Centres of Co-Ordination in Traditional Medicine” এর ৪র্থ সভা ঢাকায় আয়োজন এর লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব সরদার আবুল কালাম অতিরিক্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
সভার তারিখ	:	০৫-১১-২০১৭ খ্রিঃ
সভার সময়	:	সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	:	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ এর অতিঃসচিব (প্রশাসন) অফিস কক্ষে।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা- পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় BIMSTEC Network of National Centres of Co-Ordination in Traditional Medicine” এর ৪র্থ সভা ঢাকায় আয়োজনের বিষয়ে গত ০৪/১০/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করেন। উক্ত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে করণীয় নির্ধারণের নিমিত্তে এ সভার আয়োজন করা হয়েছে। এ পর্যায়ে “BIMSTEC” এর ৪র্থ সভার প্রতিপাদ্য/শিরোনাম নির্ধারণ; সভার সম্ভাব্য তারিখ, ভেন্যু, বাজেট বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সংশ্লিষ্টদের আহ্বান জানান।

বাজেট বিষয়ে AMC এর O.P থেকে অর্থায়ন করা সম্ভব কি-না সে বিষয়ে যুগ্ম সচিব (বাজেট) জনাব মোহাম্মদ এনামুল হক এনা সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ এর ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেটে আন্তর্জাতিক সভা /সেমিনার খাতে কোনো বরাদ্দ নেই। এ বিষয়ে থাইল্যান্ডের সম্মেলনে অংশগ্রহণকারী ডাঃ আলমগীর, সহকারী পরিচালক (অ:দা:) সরকারী ইউনানী আয়ুর্বেদিক মেডিকেল কলেজ বলেন যে, O.P তে প্রশিক্ষণ/সভা/ওয়ার্কশপ নামে একটি ব্যয় খাত রয়েছে।

পরিচালক ও লাইন ডাইরেক্টর, হোমিও ও দেশজ চিকিৎসা ও লাইন ডাইরেক্টর এএমসি, স্বাস্থ্য অধিদপ্তর, ডাঃ মনোয়ারা সুলতানা বলেন যে, প্রশিক্ষণ/সভা/ওয়ার্কশপ খাতে বাজেটে বরাদ্দকৃত অর্থ ইতোমধ্যে এ সংক্রান্ত খাতে ব্যয়ের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুমোদন নেয়া হয়েছে। ফলে এ খাত হতে বর্তমানে BIMSTEC সভার জন্য অর্থ বরাদ্দ করা সম্ভব নয়। এ প্রসঙ্গে যুগ্মসচিব বাজেট এ.এম.সির অপারেশন প্লান এর অন্যান্য/বিবিধ খাত হতে এ অর্থ বরাদ্দ করা যায় কি-না সে বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করে। সভাপতি অন্যান্য/বিবিধ খাত হতে কি পরিমাণ অর্থ দেয়া যাবে তা যাচাই করে জানানোর জন্য যুগ্ম সচিব(বাজেট), ও স্বাস্থ্য অধিদপ্তরের এএমসি লাইন ডাইরেক্টর, কে অনুরোধ করেন। এ ছাড়া তিনি পররাষ্ট্র মন্ত্রণালয় হতে অর্থ প্রাপ্তির কোন সুযোগ আছে কি-না সে বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধির কাছে জানতে চান। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি সহকারী সচিব জনাব মোঃ জসীম উদ্দিন বলেন যে, এ মুহূর্তে আমি কোনো মন্তব্য করতে পারছি না। তবে এ মন্ত্রণালয় হতে অর্থ বরাদ্দ চাওয়া হলে এ ধরনের কোন সুযোগ থাকলে তা পররাষ্ট্র মন্ত্রণালয় বিবেচনা করে দেখতে পারে। থাইল্যান্ডের সম্মেলনে অংশগ্রহণকারী ডাঃ মোঃ হাসান ইমাম, সহকারী অধ্যাপক (অ:দা), সরকারী ইউনানী আয়ুর্বেদিক মেডিকেল কলেজ বলেন যে, ইতোপূর্বে থাইল্যান্ডে অনুষ্ঠিত ৩টি সভায় WHO অর্থায়ন করেছিলো। সে ক্ষেত্রে WHO-এর নিকট হতে অর্থ চেয়ে সভার অন্তত ২ মাস পূর্বে WHO কে পত্র প্রেরণ করতে হবে।

এ পর্যায়ে সভাপতি এ সভাটি সম্ভাব্য তারিখ নির্ধারণের বিষয়ে উপস্থিত সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করেন। সভার ভেন্যু নির্বাচনের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন যে, ফেব্রুয়ারি-২০১৭ খ্রিঃ তারিখে “BIMSTEC” এর একটি সভা হোটেল গোল্ডেন টিউলিপে (গুলশান-২), ঢাকা অনুষ্ঠিত হয়েছিল। এ হোটেলে এ ধরনের সভা আয়োজনের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা রয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ এর সিনিয়র সহকারী প্রধান জনাব রিজওয়ানুল হক বলেন যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এ ধরনের অনেক সভা/সেমিনার হোটেল লেকশোরে (বনানী, রোড নং-১১), ঢাকা ইতোপূর্বে আয়োজন করা হয়েছিল। সে ক্ষেত্রে হোটেল লেকশোর-কেও বিকল্প ভেন্যু হিসেবে বিবেচনা করা যেতে পারে।

সভার সম্ভাব্য তারিখ নির্ধারণ প্রসঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন যে, জানুয়ারি মাসে ১৬ ও ১৭ তারিখে “BIMSTEC” এর অন্য একটি সভা অনুষ্ঠানের তারিখ নির্ধারিত আছে। ফলে এ সভাটি জানুয়ারি ২০১৮ এর শেষ সপ্তাহে অথবা ফেব্রুয়ারি-২০১৮ এর প্রথম সপ্তাহে নির্ধারণ করা যেতে পারে। ডাঃ মোঃ হাসান ইমাম, সহকারী অধ্যাপক(অতি:দা:) সরকারী ইউনানী আয়ুর্বেদিক মেডিকেল কলেজ বলেন, সভাটি আয়োজনের জন্য কিছু প্রস্তুতির প্রয়োজন। তাই সভাটি ফেব্রুয়ারি-২০১৮ এর প্রথম সপ্তাহে আয়োজনের বিষয়ে সভাপতি সদয় দৃষ্টি আকর্ষণ করেন। উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষন করেন।

০২. সভায় বিস্তারিত আলোচনা শেষে ৪র্থ সভা ঢাকায় আয়োজনের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

(ক) ঢাকায় অনুষ্ঠিতব্য “BIMSTEC Network of National Centres of Co-Ordination in Traditional Medicine” এর ৪র্থ সভার সম্ভাব্য ভেন্যু হিসাবে হোটেল গোল্ডেন টিউলিপ/ হোটেল লেকশোর-কে প্রাথমিকভাবে নির্বাচন করা যেতে পারে। পরবর্তীতে সচিব মহোদয়ের সাথে আলোচনা করে ভেন্যু চূড়ান্ত করতে হবে।

(খ) সভা আয়োজনের জন্য অর্থ চেয়ে WHO এর Country Representative এবং পররাষ্ট্র মন্ত্রণালয় বরাবরে পত্র প্রেরণ করতে হবে;

(গ) এএমসি-র অপারেশনাল প্লান এর অন্যান্য ব্যয়/বিবিধ ব্যয় সংক্রান্ত খাত হতে কি পরিমাণ অর্থ বরাদ্দ দেয়া যেতে পারে সে বিষয়ে এএমসি-র লাইন ডাইরেক্টর, সভাপতি মহোদয়-কে অবহিত করবেন;

(ঘ) ফেব্রুয়ারি-২০১৮ এর ১ম সপ্তাহে সভার সম্ভাব্য তারিখ নির্ধারণ করা যেতে পারে। তবে বিষয়টি সচিব মহোদয় মাননীয় প্রতিমন্ত্রী ও মন্ত্রীর সাথে আলোচনা করে সভার তারিখ নির্ধারণ করবেন।

(ঙ) সভার তারিখ নির্ধারণ হলে তা পররাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র দ্বারা অবহিত করতে হবে।

(ছ) পরবর্তীতে প্রণীত কর্মসূচি/অনুষ্ঠানসূচি বাস্তবায়নের লক্ষ্যে সচিব মহোদয়ের সভাপতিত্বে পরবর্তী সভা আয়োজন করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

০৭/১১/১৭

(সরদার আবুল কালাম)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

তারিখ: ০৭/১১/২০১৭ খ্রি:


স্মারক নং- ৫৯.০০.০০০০.১১১.৯৯.২৩.১৭-৪৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব (পার/প্রশাসন/চিকিৎসা শিক্ষা/বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
- ২। পরিচালক (সার্ক ও বিমসটেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ডাঃ মনোয়ারা সুলতানা, পরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা ও লাইন ডাইরেক্টর এএমসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। রিজওয়ানুল হক সিনিয়র সহকারী প্রধান (প.ক-২) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
- ৪। ডাঃ মোঃ হাসান ইমাম, সহকারী অধ্যাপক (অতি:দায়িত্ব) সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল মিরপুর-১৪, ঢাকা।
- ৫। ডাঃ মোঃ আলমগীর হোসেন সহকারী পরিচালক(এ.সি), সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল-১৩, ঢাকা।

অনুলিপি অবগতির ও কার্যার্থেঃ

- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম (সচিব মহোদয়কে অবগতি করার জন্য অনুরোধ করা হলো)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।


(ফৌজিয়া খান)

সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০৬৫৪